# রূপগঞ্জের ওসি সালাউদ্দিনের বিরুদ্ধে জুলাই আন্দোলনে হামলার অভিযোগ




রূপগঞ্জ থানার ওসি এইচ এম সালাউদ্দিন। ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জ থানার বর্তমান ওসি এইচ এম সালাউদ্দিন। গত ২০২৪ সালের ৫ আগস্টের আগে তিনি মাদারীপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হিসেবে দায়িত্ব পালন করেন। জুলাই গণঅভ্যুত্থানের সময় তার নেতৃত্বে শিক্ষার্থীদের ওপর নির্মম হামলা চালানো হয়েছিল বলে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রবাসী লেখক আব্দু রব ভুট্টো এ অভিযোগ করেন।

এক ফেসবুক পোস্টে তিনি লিখেন, গত ২০২৪ সালের ১৮ জুলাই মাদারীপুরে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলায় নেতৃত্ব দেন তৎকালীন ওসি এইচ এম সালাউদ্দিন। এ সময় শিক্ষার্থীদের ওপর ব্যাপক মারধর ও হামলা চালায়।

LENS ASIA




পরিস্থিতি একপর্যায়ে ভয়াবহ রূপ নিলে হামলা থেকে বাঁচতে কয়েকজন শিক্ষার্থী প্রাণ রক্ষার্থে শকুনী লেকে ঝাঁপ দেন। এ ঘটনায় দীপ্ত নামে এক কলেজছাত্রের মর্মান্তিক মৃত্যু হয়।

জুলাই আন্দোলনের সময় শিক্ষার্থীদের ওপর হামলা এবং ওই ঘটনায় এক কলেজছাত্রের মৃত্যুর ঘটনায় তৎকালীন ওসি এইচ এম সালাউদ্দিনের ভূমিকা নিয়ে নানা প্রশ্ন উঠেছে। বর্তমানে তিনি নারায়ণগঞ্জের রূপগঞ্জ থানার ওসি হিসেবে দায়িত্ব পালন করছেন।

তথ্যসূত্র: ফেসবুক পোস্ট। লিংক - https://www.facebook.com/share/1HX8pPjPhH/